


পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন বিভাগ

ভূমিকা

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)-এর পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন বিভাগ সূচনালগ্ন থেকেই পল্লী শিক্ষা ও সামাজিক উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম সম্পাদন করে আসছে। ষাটের দশকের শুরু থেকে বাংলাদেশের স্বাধীনতা পূর্ব কাল পর্যন্ত পল্লী শিক্ষা কার্যক্রম প্রাথমিক বা প্রাক-প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কতিপয় কো-কারিকুলার কার্যক্রম এবং মহিলাদের জন্য সমবায় ও অন্যান্য কতিপয় অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ ছিল। বর্তমানে এ বিভাগে কার্যক্রম আরো বিস্তৃতি লাভ করে যা পল্লী উন্নয়নের সাথে সম্পর্কযুক্ত মডেল উদ্ভাবন করার ক্ষেত্রে অন্যতম ভূমিকা পালন করে আসছে। পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন বিভাগের অনুষদ সদস্যগণ পল্লী শিক্ষা, মহিলা সমবায়ী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর উন্নয়নের লক্ষ্যে তাদের কার্যক্রম পর্যবেক্ষণ, পরিবীক্ষণ এবং পরামর্শ প্রদানের দায়িত্বপ্রাপ্ত।

পল্লী শিক্ষা, কমিউনিটি স্বাস্থ্য ও পুষ্টি এবং জেন্ডার ও উন্নয়ন-এ তিনটি একাডেমিক ডিসিপ্লিনের সমন্বয়ে এ বিভাগ গঠিত। বিভাগের বর্তমান সাংগঠনিক কাঠামো নিম্নরূপ:

পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন বিভাগের সাংগঠনিক কাঠামো



পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন বিভাগের জনবল কাঠামো

ক্রম. নং	পদের নাম	অনুমোদিত পদ	বর্তমান জনবল (২০১৩)
০১	পরিচালক	১	১
০২	যুগ্ম-পরিচালক	২	২
০৩	উপ-পরিচালক	২	০
০৪	সহকারী পরিচালক	২	১
০৫	পরিচালকের ব্যক্তিগত সহকারী	১	১
০৬	পিওন	১	১
মোট		৯	৬

অনুষদ পর্যায়ের কর্মকর্তাগণের কর্ম তালিকা

পরিচালক

- সংশ্লিষ্ট একাডেমিক বিভাগের প্রশাসনিক কার্যাদি সম্পাদন করা;
- বিভাগীয় সদস্যদের পেশাগত উৎকর্ষ সাধনে পরামর্শ প্রদান করা;
- বিভাগীয় সদস্যদের কাজের তত্ত্বাবধান ও সমন্বয় সাধন করা;
- বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার উদ্যোগ গ্রহণ করা ও বিভাগীয় সদস্যগণকে এ সকল কাজে সম্পৃক্ত করা;
- বিভাগ সংশ্লিষ্ট একাডেমিক বিভিন্ন বিষয়ে কলোকিয়াম, সেমিনার, কর্মশালা আয়োজন করা;
- নিজস্ব একাডেমিক ডিসিপ্লিনে প্রশিক্ষক ও গবেষক হিসাবে দায়িত্ব পালন;
- বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে অন্যান্য সংস্থাকে বিশেষজ্ঞ সহায়তা প্রদান;
- বিভাগের বিভিন্ন কাজের সাথে সংশ্লিষ্ট দেশী-বিদেশী বিশেষজ্ঞ ও সংস্থার সংযোগ সৃষ্টি করা;
- মহাপরিচালক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

যুগ্ম-পরিচালক

- ডিসিপ্লিন প্রধান হিসাবে সংশ্লিষ্ট ডিসিপ্লিনের অনুষদ সদস্যগণকে একাডেমিক গাইডেন্স প্রদান করা;
- বিভাগীয় প্রশাসনিক কাজে পরিচালককে সহায়তা প্রদান করা;
- নিজস্ব ডিসিপ্লিনে প্রশিক্ষক, গবেষক ও প্রায়োগিক গবেষক হিসেবে দায়িত্ব পালন করা;
- নিজস্ব ডিসিপ্লিনে এবং প্রশিক্ষণ বিভাগ কর্তৃক নির্দেশিত প্রশিক্ষণ কোর্স, কর্মশালা, সেমিনার ও কলোকিয়াম সংগঠন করা;
- নিজস্ব ডিসিপ্লিনে কলোকিয়াম, সেমিনার, কর্মশালার উদ্যোগ গ্রহণ করা;

- দেশী-বিদেশী প্রতিষ্ঠান, প্রফেশনাল ফোরাম, প্রশিক্ষক, গবেষক ও পেশাজীবীদের সাথে ডিসিপ্লিন ও পেশাগত উন্নয়নের স্বার্থে যোগাযোগ সৃষ্টি ও অব্যাহত রাখা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট তথ্যাদি হালনাগাদ রাখা এবং পুস্তক, জার্নাল ও অন্যান্য রিডিং ম্যাটেরিয়াল সংগ্রহে বার্ড গ্রন্থাগারকে সহায়তা প্রদান;
- বার্ড প্রশাসন ও বিভাগীয় পরিচালক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

উপ-পরিচালক

- ডিসিপ্লিন প্রধানের তত্ত্বাবধানে একাডেমিক ও অন্যান্য প্রাতিষ্ঠানিক কার্যক্রমে নিয়োজিত থাকা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করা ও গবেষণা পরিচালনা করা;
- প্রায়োগিক গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সম্পৃক্ত হওয়া;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার ডিজাইন ও সংগঠন করা;
- একাডেমী কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, অবহিতকরণ কর্মসূচি, কর্মশালা ও সেমিনার সংগঠন করা;
- গ্রামের আর্থ-সামাজিক অবস্থা এবং গ্রামীণ সমাজের পরিবর্তন সম্পর্কে নিজেকে হালনাগাদ রাখার জন্য নিয়মিত গ্রাম সফর করা;
- বিভাগীয় প্রধান ও বার্ড প্রশাসন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা;

সহকারী পরিচালক

- ডিসিপ্লিন প্রধানের তত্ত্বাবধানে একাডেমিক ও অন্যান্য প্রতিষ্ঠানিক কার্যক্রমে নিয়োজিত থাকা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করা ও গবেষণা পরিচালনা করা;
- প্রায়োগিক গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সম্পৃক্ত হওয়া;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার ডিজাইন ও সংগঠন করা;
- একাডেমী কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, অবহিতকরণ কর্মসূচি, কর্মশালা ও সেমিনার সংগঠন করা;
- গ্রামের আর্থ-সামাজিক অবস্থা এবং গ্রামীণ সমাজের পরিবর্তন সম্পর্কে নিজেকে হালনাগাদ রাখার জন্য নিয়মিত গ্রাম সফর করা;
- বিভাগীয় প্রধান ও বার্ড প্রশাসন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা;

